তোমাদের কেউ কি অপর ভাইকে এমনভাবে চিবাতে পারে যেমন উট চিবায়, তোমার কোন ক্ষতিপূরণ নেই

ইমরান ইবন হুসাইন রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত: এক ব্যক্তি অপর এক ব্যক্তির হাত দাঁত দিয়ে কামড়ে ধরল। আর সে তার হাত তার মুখ থেকে টেনে বের করল, ফলে তার সামনের দাঁত
পড়ে গেল। তারা দুইজন (অভিযোগ নিয়ে) নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গেল। নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমাদের কেউ কি অপর ভাইকে এমনভাবে চিবাতে পারে যেমন উট চিবায়, তোমার কোন
ক্ষতিপূরণ নেই?”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এক ব্যক্তি অপর এক ব্যক্তির ওপর সীমা লঙ্ঘন করল এবং দাঁত দিয়ে তার হাতকে কামড়ে ধরল, ফলে আহত ব্যক্তি কর্তনকারী ব্যক্তির মুখ থেকে হাত টেনে বের করল, ফলে তার সামনের দু’টি দাঁত পড়ে যায়। তারা দুইজন (অভিযোগ নিয়ে) নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট গেল। যে কামড় দিল সে তার পড়ে যাওয়া দুটি দাঁতের দিয়্যতের দাবি করল। আর যাকে কামড় দেওয়া হলো সে তাকে এ বলে প্রতিহত করছে যে, সে তার হাতকে তাদের দাঁতের থেকে বাঁচানোর চেষ্টা করছে কেবল। নবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম কামড় দাতার দাবীকে প্রত্যাখ্যান করলেন। হিংস্র জন্তু যে কাজ করে তা কীভাবে মানুষ করতে পারে? তিনি বলেন, তোমাদের কেউ তার অপর ভাইকে কামড় দেয় অতঃপর সে আসে তার অপরাধী দাঁতসমূহের দিয়ত চাইতে। তোমার জন্য কোন ক্ষতিপূরণ নেই। যে শুরুকারী সেই অন্যায়কারী।

http://sunnah.global/hadeeth/bn/show/2950